**বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র**
সাভার, ঢাকা
www.bpatc.gov.bd

# বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পোশাক-পরিচ্ছদ চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব মোঃ আশরাফ উদ্দিন**
রেক্টর (সরকারের সচিব), বিপিএটিসি
তারিখ : ২৭/০৪/২০২৩ খ্রি. (বৃহস্পতিবার)
সময় : সকাল ১১:০০টা
স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম, আইটিসি
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় উপস্থিত সকলে পরিচিতি প্রদান করেন। সভাপতি বিপিএটিসি কর্তৃক গঠিত ড্রেস কোড নির্ধারণী কমিটির আহবায়ক জনাব বেবী রানী কর্মকার মহোদয়কে প্রস্তাবিত ড্রেস কোড নিয়ে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে আহবায়কের পক্ষে উক্ত কমিটির সদস্য জনাব সিদ্দিকুর রহমান, পরিচালক উপস্থাপনা শুরু করেন। উপস্থাপনার প্রারম্ভেই জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রতিনিধি ড. মো. সহিদউল্যাহ, অতিরিক্ত সচিব জানান বিপিএটিসি থেকে প্রেরিত ড্রেস কোডের প্রস্তাবিত খসড়া জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল (NTC) এর সভায় সামান্য পরিবর্তিত হয়ে গৃহীত হয়েছে বিধায় ড্রেস কোডটি বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা যায়। NTC এবং জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গঠিত কমিটি কর্তৃক সামান্য সংযোজনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ড্রেস কোড বুনিয়াদি প্রশিক্ষণে ব্যবহৃত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | নারী প্রশিক্ষণার্থী | পুরুষ প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|
| ১. | শ্রেণীকক্ষ অধিবেশন/শিক্ষাসফর/সংযুক্তি কার্যক্রম/ক্যাফেটেরিয়া (প্রশিক্ষণ চলাকালে)/ কোর্স প্রশাসন, অনুষদের সাথে সাক্ষাত/রেক্টর'স টি, মেস নাইট | ১। দেশি শাড়ী (সুতি/সিল্ক) [রঙ: মভ, আকাশী নীল (স্কাই ব্লু), পিচ, হালকা ধূসর (লাইট গ্রে)];<br>২। ক্লোসড্ সুজ (রঙ: কালো, গ্রে);<br>৩। স্কিন কালারড় লম্বা মোজা;<br>৪। শীতকালে ব্লেজার;<br>৫। বিশেষ পরিস্থিতিতে স্কার্ফ ও লং কটি পরিধানের প্রয়োজন হলে তা অবশ্যই সাধারণভাবে সুপারিশকৃত রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। | ১। ক্লোসড্ কলার ফুল হাতা শার্ট [রঙ: সাদা, আকাশী নীল (স্কাই ব্লু), ছাই/লাইট গ্রে];<br>২। নির্ধারিত টাই;<br>৩। ফর্মাল ফুল প্যান্ট (জিন্স, গ্যাবার্ডিন/কর্ড কাপড় প্রযোজ্য নয়)। [রঙ: কালো, অফিসিয়াল নেভি ব্লু];<br>৪। অক্সফোর্ড লেইস্ড সুজ (কালো);<br>৫। প্যান্টের রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ লম্বা মোজা;<br>৬। শীতকালে ব্লেজার;<br>৭। বিশেষ পরিস্থিতিতে অন্যান্য পরিচ্ছদ পরিধানের প্রয়োজন হলে তা অবশ্যই সাধারণভাবে সুপারিশকৃত রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। |
| ২. | উদ্বোধন ও সমাপন অনুষ্ঠান/গেস্ট নাইট | ১। জামদানী শাড়ী [রঙ: হাল্কা ল্যাভেন্ডার, কপার ব্রাউন, সি গ্রিন];<br>২। ব্লেজার (অফিসিয়াল নেভি ব্লু);<br>৩। ক্লোসড্ সুজ (রঙ: কালো, ধূসর);<br>৪। স্কিন কালারড় লম্বা মোজা। | ১। স্যুট (অফিসিয়াল নেভি ব্লু);<br>২। ফুল হাতা সাদা শার্ট;<br>৩। নির্ধারিত টাই;<br>৪। অক্সফোর্ড লেইস্ড সুজ (কালো);<br>৫। লম্বা মোজা (কালো)। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ক্রীড়া অধিবেশন | ১। পোলো শার্ট, ট্রাউজার;<br><br>২। সালোয়ার-কামিজ-ওড়না,<br><br>৩। লম্বা মোজা;<br><br>৪। কেড্‌স।<br><br>৫। ট্যাকস্যুট (শীতকালে)<br><br>**[সব সাদা]** | ১। পোলো শার্ট;<br><br>২। ট্রাউজার/শর্টস,<br><br>৩। লম্বা মোজা;<br><br>৪। কেড্‌স।<br><br>৫। ট্যাকস্যুট (শীতকালে)<br><br>**[সব সাদা]** |
| ৪. | ক্যাফেটেরিয়া/লাইব্রেরি ওয়ার্ক/কম্পিউটার ল্যাব/ডরমিটরির বাইরে অবস্থান/অতিথির সাথে সাক্ষাত (অধিবেশন ব্যতীত/ছুটির দিন) | ১। শাড়ী/সালোয়ার-কামিজ-ওড়না;<br><br>২। লেদার স্যান্ডেল। | ১। ওপেন কলার শার্ট সঙ্গে ফুল প্যান্ট (জিন্স, গ্যাবার্ডিন/কর্ড কাপড় প্রযোজ্য নয়);<br><br>২। লেদার সুজ/স্যান্ডেল সু। |
| ৫. | জাতীয়/আন্তর্জাতিক অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | ১ নং ক্রমিকে বর্ণিত পোশাকের অনুরূপ। প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন নির্দেশনা প্রদান করবে। | ১ নং ক্রমিকে বর্ণিত পোশাকের অনুরূপ। প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন নির্দেশনা প্রদান করবে। |
| ৬. | ধর্মীয় অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | প্রচলিত রীতি-প্রথা অনুযায়ী পোশাক-পরিচ্ছদ। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন সকলের সাথে সমন্বয়ের লক্ষ্যে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। | প্রচলিত রীতি-প্রথা অনুযায়ী পোশাক-পরিচ্ছদ। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন সকলের সাথে সমন্বয়ের লক্ষ্যে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। |

২। সভাপতি মহোদয় বিপিএটিসি কর্তৃক গঠিত ড্রেস কোড নির্ধারণী কমিটি কর্তৃক প্রস্তাবিত ড্রেস কোডের খসড়া জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল (NTC) এর সভায় সামান্য পরিবর্তিত হয়ে গৃহীত হওয়ায় কমিটির সকলকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং একই সাথে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
**(মোঃ আশরাফ উদ্দিন)**
রেক্টর (সরকারের সচিব), বিপিএটিসি

নং-০৫.০১.২৬৭২.১৩৩.২৫.০৯২.২১.২৬৩

তারিখ: ০২ মে ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও প্রযোজ্যক্ষেত্রে কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। ড. মো. সহিদউল্যাহ, অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
২। জনাব কে এম আলী রেজা, অতিরিক্ত মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), ঢাকা
৩। জনাব সাইফ উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪। জনাব নাঈমা হোসেন, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৫। ড. মো: আতাউল গণি, পরিচালক (যুগ্মসচিব), বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা
৬। এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৭। জনাব মোহাম্মদ সাহেদুল ইসলাম, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৮। জনাব.............................................................................।
৯। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
১০। রেক্টরের একান্ত সচিব (রেক্টর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), বিপিএটিসি, সাভার, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সংশ্লিষ্ট নথি।

02/05/2023
(এলিনা আকতার)
উপপরিচালক (পিপিআর)

## পরিশিষ্ট-ক

**উপস্থিতির তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

(ক) ড. মো. সহিদউল্যাহ, অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
(খ) জনাব কে এম আলী রেজা, অতিরিক্ত মহাপরিচালক, এনএপিডি
(গ) জনাব সাইফ উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
(ঘ) জনাব নাঈমা হোসেন, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
(ঙ) ড. মো: আতাউল গণি, পরিচালক (যুগ্মসচিব), বিসিএস প্রশাসন একাডেমি
(চ) জনাব মোঃ জাকির হোসেন, এমডিএস, বিপিএটিসি
(ছ) জনাব মোঃ শাওগাতুল আলম, এমডিএস, বিপিএটিসি
(জ) ড. মোঃ মহসীন আলী, এমডিএস, বিপিএটিসি
(ঝ) জনাব বেবী রাণী কর্মকার, এমডিএস, বিপিএটিসি
(ঞ) জনাব মোঃ শাহীনূর রহমান, এমডিএস, বিপিএটিসি
(ট) জনাব মোহাম্মদ সাহেদুল ইসলাম, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
(ঠ) জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম, পরিচালক, বিপিএটিসি
(ড) জনাব মোঃ সিদ্দিকুর রহমান, পরিচালক, বিপিএটিসি
(ঢ) ড. এম. আরিফুর রহমান, পরিচালক, বিপিএটিসি
(ণ) ড. রোকেয়া ফাহমিদা, পরিচালক, বিপিএটিসি
(ত) জনাব হাসান মূর্তাজা মাসুম, পরিচালক, বিপিএটিসি
(থ) জনাব এলিনা আকতার, উপপরিচালক, বিপিএটিসি
(দ) জনাব খাতুনে জান্নাত, উপপরিচালক, বিপিএটিসি
(ধ) জনাব নাসরিন আক্তার, উপপরিচালক, বিপিএটিসি
(ন) জনাব শামীম আদনান, উপপরিচালক, বিপিএটিসি
(প) জনাব তানযিনা আক্তার, সহকারী পরিচালক, বিপিএটিসি